



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি  
রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (Office), ০৪৫১-৬২২৪৫ (PABX)

ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইলঃ jhenaidah\_pbs@yahoo.com

ISO 9001:2015 Certified



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০০৮.২০. ৭৬২০

তারিখঃ ২৮ অগ্রহায়ণ' ১৪২৭ বঙ্গাব্দ  
১৩ ডিসেম্বর' ২০২০ খ্রিষ্টাব্দ

**“নিলাম বিজ্ঞপ্তি”**

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর ও জোনাল অফিসের পুরাতন বিদ্যুৎ বিলের কপি ও বিনষ্টযোগ্য কাগজপত্র (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে পূর্ণ ঠিকানা সম্বলিত সাদা কাগজে/ মিজম্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ (কেজি)	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	পুরাতন বিদ্যুৎ বিলের কপি ও বিনষ্টযোগ্য কাগজপত্র	২০,৮০০ কেজি		
		সর্বমোট=		

কথায়:

**শর্তাবলীঃ**

- ০১) নিলাম দরপত্র সমূহ আগামী ২১/১২/২০২০খ্রিঃ তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ২১/১২/২০২০খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই কোন দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২) নিলাম দরপত্রে উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক মূল্য ও উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক মূল্য গ্রহণযোগ্য মূল্য হিসেবে বিবেচনা করা হবে। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যকে গৃহীতদর হিসেবে বিবেচনা করা হবে। নিলাম বিজ্ঞপ্তির মালামালের ক্ষেত্রে সমিতি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “পুরাতন বিদ্যুৎ বিলের কপি ও বিনষ্টযোগ্য কাগজপত্রের নিলাম দরপত্র” কথাটি স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা করা যাবে না।
- ০৩) নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা হিসেবে জামানত “জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৪) কৃতকার্য নিলাম দরপত্র দাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ পে অর্ডার/ ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

চলমান পাতা-০২

✓


- ০৫) কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ৫% উৎসে কর এবং ৭.৫% ভ্যাট আলাদাভাবে জমা প্রদান করতে হবে (সরকার কর্তৃক কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
- ০৬) মালামাল সমূহ ২০/১২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে/জোনাল অফিসে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক তা পরিদর্শন করা যাবে।
- ০৭) উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৮) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৯) আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট [WEB:pbs.jhenaidah.gov.bd](http://WEB:pbs.jhenaidah.gov.bd) এ দেখতে পারবেন।

স্বাঃ/-  
( মোঃ ইছাহাক আলী )  
জেনারেল ম্যানজের

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

- ০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
- ০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
- ০৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।
- ০৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, ঝিনাইদহ।
- ০৯) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
- ১০) ডিজিএম, কালীগঞ্জ/ শৈলকুপা/ মহেশপুর/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
- ১১) এজিএম (ওএন্ডএম), হরিণাকুন্ডু/ কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ১২) এজিএম (অর্থ), ঝিনাইদহ পবিস।
- ১৩) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ঝিনাইদহ পবিস-বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ১৪) মেসার্স-----।
- ১৫) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১৬) অফিস কপি/ মাস্টার কপি।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের  
ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

  
( মোঃ ইছাহাক আলী )  
জেনারেল ম্যানজের